



## ALL INDIA RADIO, SILCHAR

\*\*\*\*\*

### MORNING NEWS BULLETIN

BENGALI/বাংলা

9 APRIL 2024

7:35—7:40 AM IST

---

নাগরিকত্ব সংশোধনী আইন (সি এ এ) কার্যকর করার ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের জারি করা বিজ্ঞপ্তির বৈধতা সম্পর্কে আজ সুপ্রিমকোর্টে শুনানি গ্রহণ করা হবে। কেন্দ্রীয় সরকারের গত ১১ ই মার্চ জারি করা নির্দেশাবলী স্থগিত রাখতে আসাম সম্মিলিত মহাসংঘ সহ বিভিন্ন পক্ষের দাখিল করা ২০ টি আবেদনের পরিপ্রেক্ষিতে এই শুনানি গ্রহণ করা হবে। উল্লেখ্য সুপ্রিম কোর্টে নাগরিকত্ব সংশোধনী আইনের বিরুদ্ধে ২৩৭ টি মামলা বিচারিধীন রয়েছে।

---

আসাম পুলিশ অপরাধদের বিরুদ্ধে তৎকালীন ব্যবস্থা গ্রহণ করার জন্য শীত্রষ্ঠা ১০২ সেবা আরম্ভ করবে। টেল ফ্রি এই নম্বরে ফোন করলে আসাম পুলিশের লোক ঘরে দিয়ে অভিযোগের ভিত্তিতে এজাহার গ্রহণ করবে। মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বনাথ জানান যে পুলিশের ১০২ সেবার হেড কোয়ার্টার দেরগাঁওয়ে স্থাপন করার প্রস্তাব করা হয়েছে। এই সেবা প্রবর্তন করা হলে জনসাধারণকে এজাহার দাখিল করার জন্য থানায় যেতে হবে না এবং চুরি, ডাকাতির মতো ঘটনার ক্ষেত্রে ১০২ সেবায় ফোন করলে পুলিশ ঘটনাস্থলে পৌছবে।

---

রাজ্য দ্বিতীয় পর্যায়ের লোকসভা নির্বাচনের মনোনয়ন পত্র প্রত্যাহারের শেষ দিন গতকাল একজন প্রাথী মনোনয়ন পত্র প্রত্যাহার করেছেন। এর ফলে রাজ্য দ্বিতীয় পর্যায়ে নির্বাচনী ময়দানে ৬৪ জন প্রাথী প্রতিদ্বন্দ্বিতায় রয়েছেন। ডিফু আসনে একজন প্রাথী মনোনয়ন

প্রত্যাহার করে নিয়েছেন। উল্লেখ্য দ্বিতীয় পর্যায়ে শিলচর ,করিমগঞ্জ দরং - ওদালগুড়ি , ডিফু ও নগাও আসনের জন্য এখন ৬৪ জন প্রাথী ময়দানে রয়েছেন। এই পর্যায়ে বিজেপির হয়ে শিলচর আসনে পরিমল শুক্লবৈদ্য , করিমগঞ্জে কৃপানাথ মালাহ , দরং - ওদালগুরিতে সাংসদ দিলীপ শহীকিয়া , নগাও-এ সুরেশ বরা ও ডিফুতে অমর সিং প্রতিদ্বন্দিতা করছেন। অন্যদিকে নগাও এ কংগ্রেস দলের পদ্মুৎ বরদলৈ , শিলচরে সুর্যকান্ত সরকার , করিমগঞ্জে হাফিজ রশিদ আহমেদ চৌধুরী , দরং -ওদালগুরিতে মাধব রাজবংশী

, ডিফুতে জয়রাম ইংলেং প্রতিদ্বন্দিতায় রয়েছেন। এই পর্যায়ে শিলচরে তৃণমূল কংগ্রেসের প্রাথী প্রাক্তন সাংসদ রাধেশ্যাম বিশ্বাস , ওদালগুরিতে বিপিএফের দুর্গাদাস বড়ো ও করিমগঞ্জে এ আই ইউ ডি এফের নেতা সাহাবুল ইসলাম চৌধুরী প্রতিদ্বন্দিতায় রয়েছেন।

---

রাজ্য লোকসভার পাঁচটি আসনের জন্য অনুষ্ঠেয় প্রথম পর্যায়ের নির্বাচনের প্রচার অভিযান জোরদার হয়ে উঠেছে। প্রবীন বিজেপি নেতা তথা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ ডিবুগড় ও শোনিতপুরে আয়োজিত জনসভায় অংশ গ্রহণ করবেন। জনসভায় মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্ব শর্মা ও ডিবুগড় লোকসভা আসনের প্রাথী তথা কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল উপস্থিত থাকবেন।

আম আদমী দলের নেতৃী অতিশী মারলিনা গতকাল ডিবুগড়ের দুলিয়াজানে আয়োজিত রোড শোতে অংশ গ্রহণ করেন। নেতৃী ডিবুগড় ও শোনিতপুর লোকসভা আসনের দলীয় প্রাথী মনোজ ধানোয়ার ও খুমিরাজ কৌন্দিন্যের হয়ে প্রচার করছেন। আজ তিনি তিনসুকিয়ায় সংবাদ মাধ্যমের সঙ্গে মত বিনিময় করা সহ মার্ঘেরিটায় মটর সাইকেল র্যালিতেও অংশ নেবেন।

---

কংগ্রেসের রাজ্য সভাপতি ভূপেন বরা , জাতীয় সম্পাদক জীতেন্দ্র সিং ও যোরহাট লোকসভা আসনের প্রাথী তথা সাংসদ গৌরব গঁগে আজ যোরহাটের বিভিন্ন স্থানে নির্বাচনী প্রচার অভিযানে অংশ নেবেন।

বিজেপির প্রবীন নেতা তথা মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্ব শর্মা গতকাল চরাইদেউ জেলার সোণারি বিধানসভা কেন্দ্রে যোরহাট লোকসভা আসনের প্রাথী তপন কুমার গঁগের হয়ে প্রচার করেন। মুখ্যমন্ত্রী জেলার সাপেখাটি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত সংকল্প সমাবেশে অংশ গ্রহণ করেন। ডিবুগড় আসনের প্রাথী কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল গতকাল নবগঠিত মাকুম বিধানসভা কেন্দ্রে প্রচারে অংশ গ্রহণ করেন। এদিকে ঐ আসনের বিরোধী এক্যমন্ত্রের প্রাথী তথা অসম জাতীয় পরিষদের সভাপতি লুরিণজ্যোতি গঁগে গতকাল মার্ঘেরিটা

বিধানসভা কেন্দ্রে বেশ কয়েকটি প্রচার সভায় অংশ গ্রহণ করেন। তৃতীয় পর্যায়ের নির্বাচনের জন্য গৌহাটী আসনের প্রাথী বিজুলী কলিতা মেধি গতকাল মহানগরের বিভিন্ন অঞ্চলে বেশ কয়েকটি প্রচার কার্যসূচীতে অংশ নেন।

এদিকে বরাক উপত্যকার তিনজেলায়ও ক্ষমতাসীন বিজেপি, বিরোধী কংগ্রেস, তৎমূল কংগ্রেস সহ আন্যান্য রাজনৈতিক দলগুলি প্রচার অভিযান অব্যাহত রেখেছে।

---

ভারতীয় জাতীয় কংগ্রেসের করিমগঞ্জ জেলা কমিটি লোকসভা নির্বাচনের অংশ হিসেবে গতকাল জেলার কানিশাইল ও নিলামবাজারে দুটি নির্বাচনী কার্যালয়ের উদ্বোধন করেছে। উদ্বোধনী সভায় করিমগঞ্জ লোকসভা আসনের কংগ্রেস প্রাথী হাফিজ রশিদ চৌধুরী, প্রাক্তন মন্ত্রী আব্দুল মুক্তাদির চৌধুরী প্রমুখ উপস্থিত ছিলেন।

অন্যদিকে জেলার নগেন্দ্র নগর গ্রাম পঞ্চায়েতে আয়োজিত নির্বাচনী জনসভায় ভারতীয় জনতা পার্টির মনোনীত প্রাথী কৃপানাথ মালাহ-র সমর্থনে রাতাবাড়ীর বিধায়ক তথা বিজেপি নেতা বিজয় মালাকার একটি জন সভায় অংশ গ্রহণ করেন।

---

অসম জাতীয় পরিষদ লোকসভা নির্বাচনের জন্য গতকাল ডিবুগড়ে তাদের নির্বাচনী ইষ্টাহার প্রকাশ করেছে। ইষ্টাহারে অসমীয়া তথা রাজ্যের অন্যান্য স্থানীয় জনগোষ্ঠীর ভাষিক, সাংস্কৃতিক ঐতিহ্য সুরক্ষার প্রসঙ্গ সংসদে উপস্থাপন করা সহ এগুলি রূপায়ন করার ক্ষেত্রে জনমত গড়ে তোলার প্রতিশুতি প্রদান করা হয়েছে। এছাড়া ইষ্টাহারে সীমান্ত সুরক্ষা, ত্রুটিবিহীন জাতীয় নাগরিকপঞ্জী প্রস্তুত করার প্রতিশুতি প্রদান করা হয়েছে। উল্লেখ্য দলটি ১৪ টি লোকসভা আসনের মধ্যে ডিবুগড় আসনে লুরিনজ্যোতি গগৈকে প্রাথী করেছে।

---

করিমগঞ্জ জেলার মহিলা ভোট গ্রহণ কর্মী পরিচালিত ভোট কেন্দ্রের প্রিসাইডিং ও পোলিং অফিসারদের আজ করিমগঞ্জ বিজ্ঞাপন সুন্দরী গার্লস হাইস্কুলে একটি প্রশিক্ষণ শিবিরের আয়োজন করা হয়েছে। আজ বেলা ১১ টা থেকে দুপুর ২ টা পর্যন্ত চারটি কক্ষে এই প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে।

---

---

---